

## 26991 - ঈদের নামাযে দোয়া

---

### প্রশ্ন

ঈদের নামাযের দোয়া কি?

### প্রিয় উত্তর

মুসলমানদের জন্য ঈদের নামাযে কিংবা ঈদের দিনে বিশেষ কোন দোয়া করার শরয়ি বিধান আছে মর্মে আমরা জানি না। কিন্তু মুসলমানদের জন্য দুই ঈদের রাতে ও ভোরে তাকবীর দেওয়া, তাসবীহ পড়া, লা ইলাহা ইল্লাল্লাহু পড়া ও আলহামদু লিল্লাহু পড়ার শরয়ি বিধান রয়েছে। এই বিধান ঈদুল ফিতরের খোতবা শেষ হওয়া পর্যন্ত প্রযোজ্য। আর ঈদুল আযহার ক্ষেত্রে তাশরিকের দিনগুলো শেষ হওয়া পর্যন্ত প্রযোজ্য। অনুরূপভাবে জিলহজ্জ মাসের প্রথম দশদিনের ক্ষেত্রে এ বিধান রয়েছে। যেহেতু আল্লাহ তাআলা বলেছেন: "তিনি চান তোমরা সংখ্যা পূরণ কর এবং তিনি যে তোমাদেরকে নির্দেশনা দিয়েছেন সে জন্য তাকবীর উচ্চারণ কর (আল্লাহর বড়ত্ব ঘোষণা কর)।"[সূরা বাক্বারা, আয়াত: ১৮৫] এবং এ সংক্রান্ত একাধিক হাদিস ও আছার উদ্ধৃত হওয়ার কারণে।

আল্লাহুই তাওফিকদাতা।